

# শেবাচিমে শিক্ষক সংকট নিরসনে শিক্ষার্থীদের বিক্ষোভ

বরিশাল অফিস

১৭ ফেব্রুয়ারি,  
২০২৫ ১৬:০১

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কঠ

বরিশাল শের ই বাংলা মেডিক্যাল কলেজের শিক্ষক সংকট সংকট নিরসনের দাবিতে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা।

আজ সোমবার (১৭ ফেব্রুয়ারি) বেলা ১১টা থেকে শের ই বাংলা মেডিক্যাল কলেজের গেটের সামনে বিক্ষোভ কর্মসূচি শুরু করেন শিক্ষার্থীরা।

এ সময় প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেন শিক্ষার্থীরা। তাদের দাবি না মানলে কম্পিউট সাইট ডাউনের ঘোষণা করা হবে বলে জানিয়েছেন তারা।

অপরদিকে একই দাবিতে শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ শিক্ষক সমিতি অধ্যক্ষ বরাবর স্মারকলিপি দিয়েছে।

অধ্যক্ষ বলছেন দ্রুত সমস্যা সমাধান করার চেষ্টা চলছে।

### আরো পড়ুন



লক্ষ্মীপুরে স্বাচিপ নেতাসহ আটক ১৩

শিক্ষার্থীদের পক্ষ থেকে দুই দফা দাবি তুলে ধরা হয়। এর মধ্যে অন্তিবিলম্বে মেডিক্যাল কলেজের সব ডিপার্টমেন্টে শূন্য পদগুলোতে শিক্ষক পদায়ন করা।

অবিলম্বে কমিউনিটি মেডিসিন, মাইক্রোবায়োলজি, প্যাথোলজি ও অন্যান্য ডিপার্টমেন্টের বদলীকৃত শিক্ষকদের তাদের স্ব-পদে পুনরায় পদায়ন করতে হবে এবং ২৪ ঘণ্টার মধ্যে এ ব্যাপারে প্রজ্ঞাপন জারি করার দাবি জানান।

শিক্ষক সমিতি তাদের স্মারকলিপিতে উল্লেখ করে, মেডিক্যাল কলেজ এ কমিউনিটি মেডিসিন, মাইক্রোবায়োলজী, প্যাথলজী এবং কার্ডিওলজী বিভাগসহ প্রায় সব বিভাগেই প্রবল শিক্ষক সংকট বিদ্যমান। অনুমোদিত জনবলের তুলনায় কর্মরত শিক্ষকদের সংখ্যা নিতান্তই অপ্রতুল। এমতাবস্থায় ছাত্র-ছাত্রীদের পাঠদান, পরীক্ষা গ্রহণ, হাসপাতালে চিকিৎসা প্রদান, একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং বিভিন্ন প্রশাসনিক কাজে অধ্যক্ষ মহোদয়ের কার্যালয়কে সহযোগিতা প্রদানের জন্য শিক্ষকদের শূন্য পদ পূরণ করা জরুরী।

## আরো পড়ুন



বান্ধবাড়িয়ায় ফ্যাশন হাউজকে জরিমানা, ত্রেতা পেলেন প্রগোদনা

শিক্ষক সংকটের কথা স্বীকার করে বরিশাল শের ই বাংলা মেডিক্যাল কলেজ, অধ্যক্ষ ফয়জুল বাশার জানান, শিক্ষার্থীদের এই দাবি যৌক্তিক এবং তাদের দাবিদাওয়াগুলো নিয়ে মন্ত্রণালয়ে কথা বলেছি। দ্রুত সমস্যা সমাধান করার চেষ্টা চলছে।

